

আমানত সংগ্রহকারী অননুমোদিত কোম্পানি সম্বন্ধে আরবিআই-এর জনসাধারণের প্রতি সতর্কীকরণ

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক যেসব অননুমোদিত কোম্পানি জনসাধারণের কাছে থেকে অর্থ সংগ্রহ করে এই মর্মে যে এই কাজের জন্য তারা রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক প্রাধিকৃত তাদের সম্বন্ধে জনসাধারণকে সতর্ক করছে। রিজার্ভ ব্যাঙ্ক জানাচ্ছে যে নন-ব্যাঙ্কিং আর্থিক কোম্পানির (এনবিএফসি) একটি তালিকা তার ওয়েবসাইটে (http://rbi.org.in/scripts/BS_NBFCList.aspx) প্রকাশিত হয়েছে যারা আমানত সংগ্রহ করার জন্য অননুমোদিত। এই তালিকার বহির্ভূত কোনও এনবিএফসি জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করতে পারবে না। এইরূপ কার্য পরিষ্কার জালিয়াতি এবং স্বাভাবিক পথে আইন নির্বাহক সংস্থা দ্বারা তার তদন্ত করা হবে।

রিজার্ভ ব্যাঙ্ক জনসাধারণকে এই মর্মে বিভিন্ন সময়ে বিজ্ঞাপন দিয়ে সতর্ক করে চলেছে।

রিজার্ভ ব্যাঙ্ক আরও বলেছে যে অননুমোদিত অর্থ গ্রহণ এবং অর্থ সঞ্চালন প্রকল্প সম্বন্ধে অভিযোগ সংযুক্ত রাজ্যের ইকনমিক অফেনসেস উইং-এ পাঠানো হবে।

জানানো হয়েছে যে কোনও কোনও ব্যক্তি/বাণিজ্য প্রতিষ্ঠান/অনিগমবদ্ধ সংস্থা/বিপণন কোম্পানি এবং কোনও কোনও অর্থ প্রচলন প্রকল্পে নিযুক্ত কোম্পানি হয় বিজ্ঞাপন দিয়ে অথবা তাদের পণ্য বিক্রি করে উচ্চ লাভের প্রতিশ্রুতি দিয়ে অর্থ সংগ্রহ করছে। তাদের মধ্যে কয়েকজন এমনকী এও দাবি করে যে এইরূপ কার্যকলাপ চালানোর জন্য তাদের কাছে রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদন আছে। এইসব সংস্থার কয়েকটি তাদের সংগৃহীত অর্থ পরিশোধ না করেই উধাও হয়ে গেছে বলে প্রকাশ।

প্রাইজ চিট এবং অর্থ প্রচলন প্রকল্প (নিষিদ্ধকরণ) আইন ১৯৭৮ মোতাবেক অর্থ প্রচলন প্রকল্পকে নিষিদ্ধ করা হয়েছে এবং নিজ নিজ রাজ্য সরকারের ওইরকম প্রকল্পে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ক্ষমতা আছে।

প্রেস বিজ্ঞপ্তিঃ২০১০-২০১১/৭৪৬

আলপনা কিল্লাওয়ালা
মুখ্য মহাপ্রবন্ধক